# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-08-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, তিন দিনের সফরে পশ্চিমবঙ্গে এসেছেন।

# তিনি আজ শিলিগুড়িতে SSB-এর সদর দপ্তরে বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করে বলেন, কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ও নিরাপত্তাবাহিনীর অগ্রাধিকার সুনিশ্চিত করতে সরকার দায়বদ্ধ।

২/ কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযুষ গোয়েল সিঙ্গাপুরসহ এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে ভারতের বাণিজ্যিক সহযোগিতার ওপর জোর দিয়েছেন।

৩/ ব্রিক্স যোগাযোগ মন্ত্রীদের বৈঠক আজ পুনায় শুরু হয়েছে ।

# ভারত ও ব্রাজিলের মধ্যে যোগাযোগ ক্ষেত্রে সহযোগিতার লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

৪/ ইউক্রেনের রাজধানী কিয়েভ ও সংলগ্ন এলাকায় গতরাত্রে রাশিয়ার হামলায় কমপক্ষে ১৬ জন নিহত।

৫/ নেদারল্যান্ডসের আমস্টেলভিনে FIH বিশ্বকাপ হকি প্রতিযোগিতায় ভারতের মহিলা দল আজ নেদারল্যান্ডসের বিরুদ্ধে খেলবে ।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ পশ্চিমবঙ্গের শিলিগুড়ির রানিডাঙায় এস এস বি-র সদর দফতরে ১৭৯ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। তিনদিনের পশ্চিমবঙ্গ সফররত শ্রী শাহ্ আজ সফরের প্রথম পর্বে এই প্রকল্পগুলির উদ্বোধনের পর এক অনুষ্ঠানে বলেন, এস এস বি, বি এস এফ সহ বিভিন্ন গোয়েন্দা সংস্থা ও নিরাপত্তা বাহিনী অগ্রাধিকার সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার দায়বদ্ধ। তিনি প্রকল্পগুলির খতিয়ান অনুষ্ঠানে তুলে ধরেন।

(বাইট – অমিত শাহ্/প্রজেক্ট)

oooooooooooooooooo

এরপর শিলিগুড়ি করিডোর বা 'চিকেন্স নেক' নিয়ে দু'টি বৈঠকে যোগ দেওয়ার কথা রয়েছে তাঁর। নেপাল, ভুটান এবং বাংলাদেশ সীমান্তের নিরাপত্তা পরিস্থিতি ও নজরদারির দায়িত্বে থাকা নিরাপত্তা বাহিনীর প্রস্তুতি নিয়ে বৈঠকে কথা হতে পারে। সফরকে ঘিরে প্রশাসনিক স্তরে রয়েছে বিশেষ তৎপরতা। সীমান্ত নিরাপত্তা পর্যালোচনার পাশাপাশি গোয়েন্দা সংস্থা, SSB, BSF সহ রাজ্য প্রশাসনের মধ্যে সমন্বয় বৃদ্ধির বিষয়টিও বৈঠকে গুরুত্ব পেতে পারে।

দুপুরে শিলিগুড়ির কাওয়াখালি ময়দানে যাবেন তিনি। সেখানে ভারতীয় ন্যায় সংহিতার প্রদর্শনীর উদ্বোধন করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী-সহ রাজ্যের মন্ত্রীরা তাঁর সঙ্গে থাকবেন। আজ সন্ধ্যায় দলীয় নেতা-কর্মীদের সঙ্গে বৈঠক করার কথা রয়েছে শ্রী শাহের।

আগামীকাল তাঁর পাহাড় সংক্রান্ত সমস্যা নিয়ে বৈঠক করার কথা।

আগেই জানানো হয়েছে, গতসন্ধ্যায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বাগডোগরা বিমান বন্দরে পৌঁছলে, তাঁকে স্বাগত জানান। সঙ্গে ছিলেন দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা, পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ প্রমুখ।

oooooooooooooooooo

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযুষ গোয়েল সিঙ্গাপুরসহ এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে ভারতের বাণিজ্যিক সহযোগিতার ওপর জোর দিয়েছেন। ভারত-সিঙ্গাপুর ব্যবসায়িক মঞ্চের এক বাণিজ্যিক শিক্ষা প্রতিষ্ঠানের অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী গোয়েল ভারতের আর্থিক বৃদ্ধির দ্রুত গতি, বিনিয়োগের সুযোগ সুবিধা এবং সরকারের সহজে ব্যবসার বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন।

এর আগে তিনি সিঙ্গাপুরের বিদেশ ও শিল্প-বাণিজ্য দপ্তরের প্রতিমন্ত্রী জ্ঞান সিও হুয়ান-এর সঙ্গে সাক্ষাৎ করেন। অন্যদিকে, তিনি সিঙ্গাপুর ভিত্তিক এক লগ্নিগোষ্ঠীর প্রধানের সঙ্গেও বিভিন্ন বিষয়ে কথা বলেন। এছাড়াও তিনি ভারত-সিঙ্গাপুর চতুর্থ গোলটেবিল বৈঠকেও অংশ নেন।
এই বৈঠকে ভারতের অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর এবং শিল্প-বাণিজ্য প্রতিমন্ত্রী জিতিন প্রসাদও যোগ দিয়েছেন।

ooooooooooooooooooo

ভারত ও ব্রাজিল টেলি যোগাযোগ, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা গভীরতর করার লক্ষ্যে একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে। আজ জয়পুরে ব্রিকসের যোগাযোগ মন্ত্রীদের সম্মেলনের ফাঁকে এই মৌ স্বাক্ষরিত হয়। কেন্দ্রীয় তথ্য-প্রযুক্তি মন্ত্রক সমাজমাধ্যমে জানিয়েছে, এই সমঝোতার ফলে ডিজিটাল যোগাযোগের ক্ষেত্রে উদ্ভাবন ও তার পরিকাঠামো উন্নত হবে এবং অত্যাধুনিক যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে দুদেশের মধ্যে সহযোগিতা আরো প্রসারিত হবে। কেন্দ্রীয় যোগাযোগমন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং ব্রাজিলের যোগাযোগ মন্ত্রী ফেডেরিকো দ্য সিকুয়েরা ফিলহো এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ooooooooooooooooooo

মহারাষ্ট্রের পুণায় আজ দ্বাদশ ব্রিকস যোগাযোগ মন্ত্রীদের বৈঠক শুরু হয়েছে। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এই বৈঠকে সভাপতিত্ব করছেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ডিজিটাল রূপান্তর, উদ্ভাবন এবং শক্তিশালী ডিজিটাল পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনার জন্য ব্রিকস সদস্য দেশগুলোর যোগাযোগ মন্ত্রী ও ঊর্ধ্বতন প্রতিনিধিরা এতে যোগদান করেছেন।

এই বৈঠকে ডিজিটাল জন-পরিকাঠামো, সাইবার নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে আলাপ আলোচনা শুরু হয়েছে।

ooooooooooooooooooo

ভারতের সভাপতিত্বে আজ থেকে জয়পুরে শুরু হচ্ছে দুই দিনব্যাপী ব্রিকস পর্যটন মন্ত্রীদের বৈঠক। সদস্য দেশগুলোর পর্যটন মন্ত্রী ও শীর্ষ আধিকারিকরা এই সম্মেলনে অংশ নিচ্ছেন। পর্যটন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে এখানে আলোচনা হবে। পরিবেশবান্ধব পর্যটন, দক্ষতা উন্নয়ন, সহজ ভ্রমণ ব্যবস্থা এবং পর্যটন ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা

(AI) ও প্রযুক্তির ব্যবহারের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো অগ্রাধিকার পাবে।

এর আগে ১৯ ও বিশে আগস্ট জয়পুরেই ব্রিকস পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠক অনুষ্ঠিত হয়। মন্ত্রীপর্যায়ের এই বৈঠকের মাধ্যমে ব্রিকস দেশগুলোর মধ্যে পারস্পরিক পর্যটন এবং সাংস্কৃতিক যোগাযোগ আরও জোরদার হবে বলে আশা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লি পুলিশের সাইবার সেল একটি আন্তঃরাজ্য ডিজিটাল গ্রেপ্তারি ও সাইবার প্রতারণার চক্র ভেঙে দিয়েছে। এরসঙ্গে জড়িত থাকার জন্য পাঞ্জাব ও রাজস্থান থ্যেকে ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। সেনাবাহিনীর একজন অবসরপ্রাপ্ত কর্নেলের কাছ থেকে সাইবার প্রতারণার মাধ্যমে ১৫ লক্ষ টাকা অর্থ লোপাট মামলার তদন্তে এই চক্রটি ধরা পরে। গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের কাছে জানা গেছে কম্বোডিয়া এবং সংযুক্ত আরব আমিরশাহী থেকে এই প্রতারণা চক্র চালানো হত। পুলিশ এই ঘটনায় ৪ টি স্মার্টফোন আর ৬ টি সিম কার্ড বাজেয়াপ্ত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার৩০ শে আগস্ট ,* আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০

ইউক্রেনের রাজধানী কিয়েভ ও এর আশপাশের এলাকায় রাশিয়ার এক ভয়াবহ রাতভর হামলায় অন্তত ১৬ জন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। এই হামলায় কিয়েভের

একটি হাসপাতাল, স্কুল, কিন্ডারগার্টেন, আবাসিক ভবন এবং বেশ কয়েকটি গুদাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

ইউক্রেন সাধারণত রাশিয়ার ড্রোন হামলা সফলভাবে আটকে দিতে পারলেও, সম্প্রতি তারা চরম ক্ষেপণাস্ত্র সংকটে পড়েছে। দূরপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ঠেকানোর জন্য প্রয়োজনীয় পেট্রিয়ট মিসাইল এর সরবরাহ কার্যত শেষ বলে ওয়াকিবহাল মহল জানিয়েছে। সে দেশের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি বিশ্ব নেতাদের কাছে জরুরি ভিত্তিতে আরও পেট্রিয়ট মিসাইল পাঠানোর আবেদন জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

হিজবুল্লাহর ওপর নতুন করে অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে ট্রাম্প প্রশাসন। একই সঙ্গে ঐ গোষ্ঠীকে ইরানের অনুগত বাহিনী হিসেবে ফের চিহ্নিত করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগ হিজবুল্লাহর কাছে অর্থ পাচারে জড়িত একটি নেটওয়ার্কের ১০ জন ব্যক্তির ওপর এই নিষেধাজ্ঞা জারি করে। মার্কিন প্রশাসন জানিয়েছে যে লেবানন, তুরস্ক, সংযুক্ত আরব আমিরশাহী ও ইরানের মধ্যে বাণিজ্যিক বিমানে যাতায়াতকারী কুরিয়ারদের মাধ্যমে ব্যাংকিং ব্যবস্থার বাইরে বিশাল অঙ্কের অর্থ পাচার করা হতো।

০০০০০০০০০০০০০০০০০০

পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানকে ইসলামাবাদের হাসপাতাল থেকে পুনরায় রাওয়ালপিন্ডির আদিয়ালা জেলে নিয়ে যাওয়া হয়েছে। সেদেশের সুপ্রিমকোর্টের নির্দেশ অনুসারে ১৮ই আগস্ট মধ্যরাতের পর ইসলামাবাদের শিফা আন্তর্জাতিক হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। ইমরানের শারীরিক অবস্থা বিবেচনায় সেদেশের সর্বোচ্চ আদালত এই নির্দেশ দিয়েছিল। পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার জানিয়েছেন, সুপ্রিমকোর্টের নির্দেশ মেনেই প্রাক্তন প্রধানমন্ত্রীর চিকিৎসার ব্যবস্থা করা হয়।

উল্লেখ্য, ২০২৩-এর ৫ই আগস্টে দুর্নীতিসহ একাধিক অভিযোগে তাকে রাওয়ালপিন্ডি জেলে বন্দি রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ভারত সফরে আসা জাপানের প্রতিরক্ষামন্ত্রী শিনজিরো কোইজুমি গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে প্রধানমন্ত্রী মোদী ভারত ও জাপানের মধ্যে বিশেষ

কৌশলগত ও বৈশ্বিক অংশীদারিত্ব আরও জোরদার করার বিষয়ে তাঁর দৃষ্টিভঙ্গি তুলে ধরেন। পাশাপাশি, ভারত -প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও এর বাইরে শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধি বজায় রাখার ক্ষেত্রে ভারত ও জাপানের মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতার গুরুত্বের ওপর তিনি জোর দেন। প্রধানমন্ত্রী বিশেষ করে মেক ইন ইন্ডিয়া কর্মসূচির আওতায় যৌথ উন্নয়ন ও যৌথ উৎপাদনের লক্ষ্যে জাপানের জন্য ভারতীয় কোম্পানি ও স্টার্ট-আপগুলোর সঙ্গে অংশীদারিত্বের সুযোগগুলোর কথা উল্লেখ করেন।

জাপানের প্রতিরক্ষামন্ত্রী কোইজুমি দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতার অগ্রগতির বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করেন এবং ভারতের সঙ্গে সম্পর্ক আরও গভীর করার বিষয়ে জাপান সরকারের অব্যাহত অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

প্রধানমন্ত্রী মোদী চলতি বছরের জুলাই মাসে ষোড়শ ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে জাপানি প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির সঙ্গে অনুষ্ঠিত বিস্তারিত আলোচনার কথাও স্মরণ করেন। এছাড়া, ভারত ও জাপানের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতার ক্ষেত্রে যে ধারাবাহিক গতি বজায় রয়েছে, তারও প্রশংসা করেন প্রধানমন্ত্রী মোদী।

সামাজিক মাধ্যমের এক বার্তার মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানান যে, ভারত ও জাপানের মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সম্পর্ক আরও গভীর করার বিষয়ে তাঁদের মধ্যে চমৎকার আলোচনা হয়েছে।

oooooooooooooooooo

বিচারবিভাগীয় পরিষেবার প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসার জন্য আইনের স্নাতকদের ৩ বছরের প্র্যাকটিসের শর্ত সুপ্রিম কোর্ট প্রত্যাহার করেছে। ভারতের প্রধান বিচারপতি সূর্য কান্ত , বিচারপতি এ জি মাসি এবং বিচারপতি কে বিনোদচন্দ্রণের ডিভিশন বেঞ্চ আজ ২০২৫ এর মে মাসে সর্বোচ্চ আদালতের এক রায় সংশোধন করে প্রাকটিসের সময়সীমা ১ বছর করেছেন। তবে ২০২৫ এর মে থেকে ২০২৭ এর ৩১ শে মার্চ পর্যন্ত যেসব পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে, আইনের স্নাতকরা তাতে বসার সুযোগ পাবেন। তবে এদের মধ্যে কেউ নির্বাচিত হলে তাদের ১ বছরের জন্য ট্রেনি জুডিসিয়াল অফিসার হিসেবে নিয়োগ করা হবে। একই সঙ্গে তাদের ১ বছরের জন্য প্রশিক্ষণ, আরো ১ বছরের জন্য প্রশাসনিক প্রশিক্ষণ নিতে হবে।

oooooooooooooooooo

কৃষিপণ্যের ন্যূনতম সমর্থন মূল্যের সুবিধা যাতে ক্ষুদ্র ও প্রান্তিকসহ সমস্ত কৃষকের কাছে পৌঁছয়, সেই লক্ষ্যে সরকার এক গুচ্ছ উদ্যোগ নিয়েছে। ‘প্রধানমন্ত্রী অন্নদাতা আয় সঙ্কর্ষণ অভিযান’-এর আওতায় ২০১৮ এর সেপ্টেম্বর মাসে এক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ নেওয়া হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে একইসঙ্গে কৃষকদের জন্য ফসলের লাভজনক মূল্য এবং সাধারণ গ্রাহকদের জন্য সুলভে খাদ্যদ্রব্য পাওয়ার ব্যবস্থা করা হয়েছে। কৃষিমন্ত্রক সূত্রে জানানো হয়েছে, ২০২৪-২৫ অর্থবর্ষে এই প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমান ৫ হাজার ৪০০ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০২৬-২৭ অর্থবর্ষে ৭ হাজার কোটি টাকা করা হয়েছে। এই প্রকল্পে কৃষক এবং সাধারই গ্রাহকদের জন্য সরকারের অগ্রাধিকার প্রতিফলিত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

নেদারল্যান্ডের আমস্টেলভিনে এফ আই এইচ বিশ্বকাপ হকি প্রতিযোগিতার দ্বিতীয় পুলের ম্যাচের ভারতের মহিলা দল আজ নেদারল্যান্ডের বিরুদ্ধে খেলবে। ভারতীয় সময় সন্ধ্যা সাড়ে নটার সময় এই খেলা শুরু হবে. এর আগে গতকাল পুল ডি-তে ভারত ইংল্যান্ডের মধ্যে ম্যাচটি অমীমাংসিত থাকায় ভারত দ্বিতীয় পর্যায় খেলার যোগ্যতা অর্জন করেছে. পুল ই থেকে দুটি দল সেমি ফাইনাল-এ খেলার যোগ্যতা অর্জন করবে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০